

## 💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ বিতর ছালাত রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

## কুনৃত পড়ার ছহীহ নিয়ম

বিতরের কুনৃত দুই নিয়মে পড়া যায়। শেষ রাক'আতে ক্বিরাআত শেষ করে হাত বাঁধা অবস্থায় দু'আয়ে কুনৃত পড়া।[1] অথবা ক্বিরাআত শেষে হাত তুলে দু'আয়ে কুনৃত পড়া। রুকূর আগে বিতরের কুনৃত পড়া সুন্নাত। রাসূলুল্লাহ (ছাঃ) রুকূর আগে বিতরের কুনৃত পড়তেন।

عَنْ أُبِيّ بْنِ كَعْبِ أَنَّ رَسُوْلَ اللهِ كَانَ يُوْتِرُ بِثَلَاثِ رَكَعَات كَانَ يَقْرَأُ فِي الْأُولَى بِسَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى وَفِي التَّانِيَةِ بِقُلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ وَفِي التَّالِثَةِ بِقُلْ هُوَ اللهُ أَحَدٌ وَيَقْنُتُ قَبْلَ الرُّكُوْعِ فَإِذَا فَرَغَ قَالَ عِنْدَ فَرَاغِهِ سُبْحَانَ الْمَلِكِ بِقُلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ وَفِي التَّالِثَةِ بِقُلْ هُوَ اللهُ أَحَدٌ وَيَقْنُتُ قَبْلَ الرُّكُوْعِ فَإِذَا فَرَغَ قَالَ عِنْدَ فَرَاغِهِ سُبْحَانَ الْمَلِكِ الْقُدُّوْسِ ثَلَاثَ مَرَّاتِ يُطِيْلُ فِيْ آخِرِهِنَّ.

উবাই ইবনু কা'ব (রাঃ) বর্ণিত, রাসূল (ছাঃ) তিন রাক'আত বিতর ছালাত আদায় করতেন। প্রথম রাক'আতে সূরা আ'লা, দ্বিতীয় রাক'আতে সূরা কাফেরান এবং তৃতীয় রাক'আতে সূরা ইখলাছ পাঠ করতেন। আর তিনি রুকূর পূর্বে কুনূত পড়তেন। যখন তিনি ছালাত থেকে অবসর হতেন তখন বলতেন, 'সুবহা-নাল মালিকিল কুদূস'। শেষের বারে টেনে বলতেন।[2]

عَنْ أَبِيِّ بْنِ كَعْبٍ أَنَّ رَسُوْلَ اللهِ كَانَ يُوْتِرُ فَيَقْنُتُ قَبْلَ الرُّكُوْعِ.

উবাই ইবনু কা'ব (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) যখন বিতর পড়তেন তখন রুকুর পূর্বে কুনূত পড়তেন।[3] আল্লামা ওবায়দুল্লাহ মুবারকপুরী আগে কুনূত পড়াকেই উত্তম বলেছেন।[4] তবে অনেক বিদ্বান রুকুর পরে পড়ার কথাও বলেছেন।[5]

## ফুটনোট

- [1]. আলবানী, ইরওয়াউল গালীল ২/৭১ পৃঃ, ২/১৮১ পৃঃ।
- [2]. নাসাঈ হা/১৬৯৯, ১/১৯১ পৃঃ, সনদ ছহীহ।
- [3]. ইবনু মাজাহ হা/১১৮২, পৃঃ ৮৩, সনদ ছহীহ; ইরওয়াউল গালীল হা/৪২৬।
- वी. মির'আতুল মাফাতীহ ৪/২৮৭ পৃঃ, হা/১২৮০-এর আলোচনা দঃ- وبعده والأولى عندى أن يكون قبل الركوع لكثرة الأحاديث في ذلك وبعضها جيد الإسناد ولا حاجة إلى قياس قنوت الوتر على قنوت الصبح مع وجود الأحاديث المروية في الوتر من الطرق المصرحة بكون القنوت فيه



وعال الركوع

[5]. আলবানী, কিয়ামু রামাযান, পৃঃ ৩১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1970

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন